



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর  
www.jessoreboard.gov.bd

স্মারক নম্বর-বিঅ-৬/৩৩৪

তারিখ : ১১-০৪-২০২৩ খ্রি.

বিষয় : স্থাপনার অনুমতি প্রদান প্রসঙ্গে।


সূত্র : ক) বিদ্যালয় মঞ্জুরি কমিটির ৫৬তম সভার ০৬ নং আলোচ্যসূচির ০৬ নং ক্রমিকের সিদ্ধান্ত এবং বোর্ড কমিটির ২৬৯তম সভায় অনুমোদনকৃত।  
খ) প্রধান শিক্ষকের ২৮-১১-২০২১ খ্রি. তারিখের অনলাইন আবেদন (আইডি নং-১০৩৫০)।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বিগত ০৩-০৪-২০২৩ খ্রি. তারিখের ৫৬তম বিদ্যালয় মঞ্জুরি কমিটির ০৬ নং আলোচ্যসূচির ০৬ নং ক্রমিকের সিদ্ধান্ত অনুযায়ী নিম্নবর্ণিত শর্তাবলি পূরণ সাপেক্ষে ০১-০১-২০২১ খ্রি. তারিখ হতে স্থাপনার অনুমতি প্রদান করা হলো।

**শর্তসমূহ :**

- ১। পত্র প্রাপ্তির পর বর্তমান কমিটি বাতিল বলে গণ্য হবে এবং ৩০ (ত্রিশ) দিনের মধ্যে প্রবিধানমালা-২০০৯ এর ৪৮ ধারা মোতাবেক নির্বাহী কমিটি গঠন করতে হবে।
- ২। ০১ (এক) বছরের মধ্যে জমি ক্রয় এবং নিজস্ব জমিতে প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণসহ অন্যান্য প্রয়োজনীয় শিক্ষা উপকরণ সংগ্রহ করতে হবে।
- ৩। বিদ্যালয় প্রতিষ্ঠা ও পরিচালনার ক্ষেত্রে সরকারের কোন প্রকার আর্থিক সংশ্লেষ্ট থাকবে না।
- ৪। পাঠদানের অনুমতি চাওয়ার পূর্বেই প্রধান শিক্ষকসহ প্রয়োজনীয় প্রশাসনিক জনবলকাঠামো নিয়োগ প্রদান করতে হবে।
- ৫। কোনো শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোনো সময় এ অনুমোদন বাতিল করতে পারে।
- ৬। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে।
- ৭। পাঠ্যক্রম অনুযায়ী বার্ষিক পাঠপত্রিকল্পনা প্রণয়নপূর্বক পাঠদান করাতে হবে।
- ৮। প্রতিষ্ঠানের নিজস্ব কম্পিউটার ল্যাব/ইন্টারনেট ব্যবহার উপযোগী কম্পিউটার/প্রত্যেক শিক্ষকের ই-মেইল আইডি থাকতে হবে।
- ৯। জাতীয় দিবসসমূহ উদযাপন এবং ক্রীড়া ও সাংস্কৃতিক কার্যক্রমের আয়োজন করতে হবে।
- ১০। বিদ্যালয় অঙ্গনে ফলবান, বনজ ও ঔষধি বৃক্ষ রোপন করে উহা রক্ষণাবেক্ষণ করতে হবে।
- ১১। লাইব্রেরি ব্যবস্থাপনা সফটওয়্যারে নিজ নিজ প্রতিষ্ঠানের গ্রন্থাগারের বইয়ের ক্যাটালগ আপলোড করতে হবে।
- ১২। শিক্ষক নিয়োগের ক্ষেত্রে মহিলা কোটা অবশ্যই পূরণ করতে হবে।
- ১৩। বোর্ড কর্তৃক সরবরাহকৃত প্রশ্নব্যাংক থেকে প্রশ্নপত্র ডাউনলোড করে অভ্যন্তরীণ পরীক্ষাসমূহ পরিচালনা করতে হবে।

উদ্যোক্তা/প্রধান শিক্ষক  
দর্শনা আইডিয়াল স্কুল এন্ড কলেজ  
দর্শনা, দামুড়হুদা, চুয়াডাঙ্গা

  
২১/০৪/২৩  
(মোঃ সিরাজুল ইসলাম)  
বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
যশোর

ফোন : ০২৪৭৭৭৬২৭০৫

তারিখ :

স্মারক নম্বর-বিঅ-৬/

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হল:

- ১। পরিচালক, ব্যানবেইস, শিক্ষা মন্ত্রণালয়, ১ নং সোনারগাঁও রোড (পলাশী নীলক্ষেত), ঢাকা-১২০৫।
- ২। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৩। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।
- ৪। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর। (পত্রটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫। জেলা শিক্ষা অফিসার, চুয়াডাঙ্গা।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার, দামুড়হুদা, চুয়াডাঙ্গা।
- ৭। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দামুড়হুদা, চুয়াডাঙ্গা।
- ৮। উপ-বিদ্যালয় পরিদর্শক (নিবন্ধন), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৯। সংরক্ষণ নথি।

বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
যশোর